# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা-প্রথম পত্র — বিষয় কোড: ২৯২

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ মি. মুরাদ একটি কর্পোরেট প্রতিষ্ঠানের ডিরেক্টর। কর্ম জীবনে দীর্ঘ কাল তিনি আর্থিক ব্যবস্থাপনা সংশ্লিষ্ট কাজে যুক্ত ছিলেন। কোম্পানির অন্য ব্যবস্থাপকগণ প্রতি বছর অর্জিত মুনাফার অধিকাংশ লভ্যাংশ হিসেবে নিতে চাইলেও তিনি এ বিষয়ে ভিন্নমত পোষণ করেন। তিনি চান, মুনাফার অধিকাংশই সঞ্চিতি তহবিলে জমা থাকুক। তাঁর সাথে সকলে একমত হন এবং এক পর্যায়ে এসে পরিচালক ও শেয়ারহোল্ডার সবাই খুশী।

ক. উপযুক্ততার নীতি কী? ১

খ. ব্যবসায় অর্থায়নে ঝুঁকি ও মুনাফানীতি বলতে কী বুঝায়? ২

গ. মি. মুরাদের প্রতিষ্ঠানের অন্য পরিচালকগণ অর্থায়নের কোন লক্ষ্য পছন্দ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. মুরাদ অর্থায়নের যে লক্ষ্য অর্জন করতে চান তা কতটা যথার্থ – মূল্যায়ণ কর। ৪

২.▶ যেকোন দেশেই অপরাধীরা অবৈধভাবে উপার্জিত অর্থ বা সম্পদ লুকানোর চেষ্টা করে। এরূপ অন্যায় রোধে দেশে আইন রয়েছে। তাছাড়াও এসব অর্থ জটিল লেনদেনের মাধ্যমে বিভিন্ন স্তরে সরানো হয়। জানব দায়রা একটি কর্পোরেট প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপক। প্রতিষ্ঠানের ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারণের জন্য ৫ কোটি টাকা দীর্ঘমেয়াদী তহবিল প্রয়োজন। তিনি এমন ধরনের সিকিউরিটিজ ইস্যু করতে চান, যেখানে সিকিউরিটি ক্রেতাগণ একটি নির্দিষ্ট সময় পর্যন্ত নিয়মিত আয় পাবেন। কিন্তু তারা পরিচালনায় অংশগ্রহণ করতে পারবেন না এবং কোম্পানির মালিক হতে পারবেন না।

ক. IPO-এর পূর্ণরূপ কী? ১

খ. মুদ্রা বাজারে সর্বোচ্চ কতৃর্ত্বের অধিকারী কে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে অন্যায় রোধে কোন আইনের কথা বলা হয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. জনাব দায়রা পুঁজি বাজারে কোন সিকিউরিটিজ ইস্যু করে তহবিল সংগ্রহ করবে? যুক্তিসহ উত্তর দাও। ৪

http://teachingbd.com

৩.▶ জনাব সুজা ফিন্যান্স বইয়ের লেখক। তিনি তার বইয়ের প্রকাশকের নিকট থেকে তিনটি প্রস্তাব পেয়েছেন।

- প্রকাশক তাকে এককালীন ৬,০০,০০০ টাকা প্রদান করবেন।
- অথবা, প্রতি বছর ১,২০,০০০ টাকা করে ১০ বছর যাবত প্রদান করবেন।
- অথবা, প্রথম ৮ বছর প্রত্যেক বছর ১,০০,০০০ টাকা এবং ৯ম ও ১০ম বছরে যথাক্রমে ১,৫০,০০০ ও ১,৬০,০০০ টাকা প্রদান করবে।

জনাব সুজার প্রত্যাশিত আয়ের হার ১২%। তিনি মুনস্টার ব্যাংকে ২০ বছরের জন্য ১,০০,০০০ টাকা জমা রেখেছেন। সুদের হার ১৬% এবং ব্যাংক প্রতি তিন মাস পর পর সুদ প্রদান করে।

ক. নামিক সুদের হার কাকে বলে? ১
খ. মুদ্রাস্ফীতি কীভাবে অর্থের ক্রয় ক্ষমতাকে প্রভাবিত করে তা ব্যাখ্যা কর। ২
গ. মুনস্টার ব্যাংকে ২০ বছর পর জনাব সুজার হিসাবে কত টাকা জমা হবে? ৩
ঘ. জনাব সুজার কোন প্রস্তাবটি গ্রহণ করা উচিত? তা মূল্যায়ন কর। ৪

৪.▶ আত্তরজ্ঞা লিঃ-এর নোটবুক (কম্পিউটার) তৈরিতে বিশ্বব্যাপী সুনাম রয়েছে। তারা বাংলাদেশে একটি নতুন কারখানা খুলতে চায়। কোম্পানির এদেশে কারখানা স্থাপন করতে প্রায় ১ কোটি টাকা খরচ হবে। কোম্পানির উৎপাদন ব্যবস্থাপক ব্যয় বিশ্লেষণ করে দেখেছেন যে প্রতিটি নোটবুক (কম্পিউটার) তৈরি করতে ১৫,০০০ টাকা খরচ হবে এবং তিনি এটাও প্রত্যাশা করছেন, প্রতিটি নোটবুক ২০,০০০ টাকায় বিক্রি হবে।

ক. ফ্রি নগদ প্রবাহ কাকে বলে? ১
খ. অর্থায়ন কার্যক্রমে দীর্ঘমেয়াদী ঋণের হ্রাস-বৃদ্ধির প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. কোম্পানিটি যদি ১ কোটি টাকা মুনাফা করতে চায় তবে বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে দেওয়া মতথ্যের সাহায্যে আত্তরজ্ঞা লিঃ-এর ব্রেক-ইবেন চার্ট অংকন কর। ৪

৫.▶ জনাব বাবর এলিফ্যান্ট রোডে একটি কারখানার মালিক। লাভজনকভাবে ব্যবসায় পরিচালনার এক বছর পর রাজনৈতিক অস্থিরতার কারণে দীর্ঘদিন তার দোকান বন্ধ রাখতে হয়েছিল। ফলে তার ব্যবসায় আর্থিক সংকট সৃষ্টি হয়। এ মুহূর্তে তিনি ইসলামী ব্যাংক কাঁটাবন শাখা থেকে এক বছরের জন্য ৫০,০০,০০০ টাকা ঋণ নিতে আগ্রহী যা তার বর্তমান আর্থিক সংকট মোকাবেলা করতে সাহায্য করবে।

Teachingbd.com

ক. নিরাপত্তা মুজদ কাকে বলে? ১

খ. ব্যবসার ঋণ কোন ধরণের ঋণের আওতায় পড়ে বর্ণনা কর। ২

গ. জনাব বাবর তার দোকানে কোন ধরনের অর্থায়ন করেছেন? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব বাবর ইসলামী ব্যাংক থেকে ঋণ নিয়ে কীভাবে উপকৃত হবেন? মূল্যায়ন কর। ৪

৬. ▶ জনাব শাহজাহান দীর্ঘ মেয়াদের জন্য বন্ড বাজারে বিনিয়োগ করতে চাইছেন। তার প্রত্যাশিত আয়ের হার ১২%। তিনি ১২% কুপন সুদের হারে দু'টি বন্ড আম ও জাম দেখতে পেলেন। আম বন্ডের ক্ষেত্রে বাজারে সুদের হার হ্রাস পেলে কোম্পানি বন্ডটি পুনঃক্রয় করে নিতে পারবে, আবার জাম বন্ডের ক্ষেত্রে বাজারে সুদের হার বৃদ্ধি পেলে বিনিয়োগকারী বন্ডটি প্রতিষ্ঠানকে ফেরত দিয়ে মূলধন তুলে নিতে পারবে। জনাব শাহজাহানের বন্ধু জনাব শেরেবাংলা তাকে আম বন্ডে বিনিয়োগ করতে বললেন। কিন্তু জনাব শাহজাহান বাজারে সুদের হারের পরিবর্তন নিম্নমুখী ধারণা করে বন্ড জাম এ বিনিয়োগ করেন।

ক. রূপান্তরযোগ্য বন্ড কী? ১

খ. সাধারণ শেয়ার হোল্ডারদের কেন শেষ দাবিদার বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. আম বন্ডটি কোন ধরনের বন্ড – ব্যাখ্যা কর ৩

ঘ. জনাব শাহজাহানের জন্য কোন বন্ডে বিনিয়োগ করা উত্তম? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৭. ▶ যমুনা লিঃ-এর বর্তমান মূলধন কাঠামো নিম্নরূপ :

| মূলধনের উৎস | পরিমান (টাকা) |
|---|---|
| ১০% ঋণপত্র | ১,২০,০০০ |
| ৯% অগ্রাধিকার শেয়ার | ৮,০০,০০০ |
| সাধারণ শেয়ার | ১৫,০০,০০০ |
| মোট | ২৪,২০,০০০ |

সাধারণ শেয়ার বর্তমানে ৪৫ টাকায় বিক্রয় হয়। এছাড়া চলতি বছরের লভ্যাংশের পরিমাণ ছিল ৪.৫ টাকা এবং প্রত্যাশা করা হচ্ছে সব সময়ের জন্য লভ্যাংশ বৃদ্ধির হার হবে ১২.৫০%। কোম্পানির কর হার ৪০%।

ক. উত্তরণ ব্যয় কী? ১

Teachingbd.com

খ. অগ্রাধিকার শেয়াকে কেন শংকর সিকিউরিটি বলা হয়? ২

গ. যমুনা লিঃ-এর ভার আরোপিত মূলধন ব্যয় নির্ণয় কর। ৩

ঘ. যদি কোম্পানি ঋণ মূলধন আরো ৫,০০,০০০ টাকা বৃদ্ধি করে তবে লভ্যাংশ বেড়ে ৬ টাকা হবে কিন্তু লভ্যাংশ বৃদ্ধির হার অপরিবর্তীত থাকবে এবং শেয়ারের মূল্য হ্রাস পেয়ে ৪০ টাকা হবে। এ ক্ষেত্রে যমুনা লিঃ এর ভার আরোপিত মূলধনের ব্যয় বের করতে হবে? ৪

৮.▶ উত্তরা লি.-একটি নতুন প্রকল্পের কথা বিবেচনা করছে যেখানে তারা অত্যাধুনিক দালান নির্মাণ করবে। প্রকল্পটির জন্য প্রাথমিক বিনিয়োগ ৫,০০,০০০ টাকা দরকার হবে। কোম্পানিটি প্রত্যাশা করছে এ প্রকল্প থেকে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বছর যথাক্রমে ২,০০,০০০ টাকা, ২,৫০,০০০ টাকা, ১,৫০,০০০ টাকা এবং ১,৯০,০০০ টাকা নগদ আন্তঃপ্রবাহ হবে। ফার্মের সুযোগ ব্যয় ১৩.৫০%।

ক. স্বাধীন প্রকল্প কাকে বলে? ১

খ. মূলধন বাজেটিং বলতে কী বুঝায়? ২

গ. উত্তরা লিঃ এর নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. উত্তরা লিঃ এর উক্ত প্রকল্পে বিনিয়োগ করা উচিত কিনা? ৪

৯.▶ জনাব মজিব শেয়ার বাজারে বিনিয়োগ করতে চান। নিম্নে দু'টি কোম্পানি সিকিউরিটির আয় সম্পর্কিত তথ্য দেয়া হল :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | ঢাকা স্টক | চট্টগ্রাম স্টক |
|---|---|---|---|
| অনেক খারাপ | .১৫ | -১১% | -১৫% |
| খারাপ | .২০ | ১৬% | ৫% |
| স্বাভাবিক | .৩০ | ২২% | ১৬% |
| ভালো | .২০ | ২৩% | ২৫% |
| অনেক ভালো | .১৫ | ২৮% | ৩৪% |

ক. পোর্টফোলিও আয় কী? ১

খ. কোন কোন উৎস থেকে বাজার ঝুঁকি সৃষ্টি হতে পারে? ব্যাখ্যা কর। ২

গ. জনাব মজিবের আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব মজিবের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা উচিত তা বিশ্লেষণ কর।৪

http://teachingbd.com

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা-প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড: ২ ৯ ২

*বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।*

১. কোন দশকে আধুনিক অর্থায়নের যাত্রা শুরু হয়?
ক ১৯৪০-৫০ খ ১৯৫০-৬০
গ ১৯৬০-৭০ ঘ ১৯৭০-৮০

২. অর্থায়নের কোন উদ্দেশ্যটি শেয়ারের বাজার দর রক্ষা করে?
ক মুনাফা সর্বোচ্চকরণ খ আয় বৃদ্ধি
গ ব্যয়-হ্রাস ঘ সম্পদ সর্বোচ্চকরণ

৩. রাষ্ট্রের সামগ্রিক চাহিদা কিসের অন্তর্ভুক্ত?
ক ব্যষ্টিক অর্থনীতি খ সামষ্টিক অর্থনীতি
গ যোগান ঘ চাহিদা

৪. সামাজিক দায়িত্ব হিসাবে আর্থিক ব্যবস্থাপক নিচের কোনটি করেন?
i. মানসম্পন্ন পণ্য উৎপাদন
ii. নিরাপদ কর্মক্ষেত্র তৈরি
iii. ন্যায্য মজুরি কাঠামো
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৫. মার্কুইজ পোর্টফোলিও থিওরি কত সালে আবিষ্কার করা হয়?
ক ১৯৫২ খ ১৯৭০
গ ১৯৭২ ঘ ১৯৯১

৬. সাধারণত একটি প্রতিষ্ঠানে আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়—
ক ১ বছরের জন্য খ ২ বছরের জন্য
গ ৩ বছরের জন্য ঘ ৪ বছরের জন্য

৭. নগদ প্রবাহ বিবরণী হতে যে তথ্য পাওয়া যায় না —
ক নগদ অর্থের আগমন
খ নগদ অর্থের বহির্গমন
গ নগদ জেরের পরিবর্তন
ঘ বকেয়া প্রাপ্তির পরিমাণ

৮. ব্রেক-ইভেন বিন্দুতে —
i. লাভও হবে না আবার ক্ষতিও হবে না
ii. সুদ ও করপূর্ব আয় শূন্য হয়
iii. মোট আয় ও মোট পরিবর্তনশীল ব্যয় সমান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।
একটি প্রতিষ্ঠানে স্থির ব্যয় ৩,৫০,০০০ টাকা, কাঙ্ক্ষিত মুনাফা, ১,০০,০০০ টাকা, প্রতি একক বিক্রয় ৫০ টাকা এবং পরিবর্তনশীল ব্যয় ২৫ টাকা।

৯. সমচ্ছেদ বিক্রয় কত?
ক ২৪,০০০ একক খ ১৪,০০০ একক
গ ১৪০০ একক ঘ ১৪ একক

১০. কাঙ্ক্ষিত মুনাফা পেতে হলে কত একক বিক্রয় করতে পারে?
ক ২.০০ একক খ ৮,০০০ একক
গ ৪,০০,০০০ একক ঘ ৪,৫০০ একক

১১. বিনিয়োগকারীদের প্রত্যাশিত আয়কে ব্যবসায় কী বলা হয়?
ক মুনাফার হার খ মূলধন ব্যয়
গ তহবিলের উৎস ঘ বিনিয়োগের সুদ

উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও।
অহনা কোম্পানির মূলধন কাঠামোতে শেয়ার ও ঋণ মূলধনের অনুপাত সমান। সাধারণ শেয়ার মালিকদের প্রত্যাশিত লভ্যাংশ ১০% এবং ঋণের সুদ ১৫%।

১২. উদ্দীপকে কোম্পানির গড় মূলধন ব্যয় কত?
ক ১২.৫০% খ ১৩%
গ ১৪.৫০% ঘ ২৫%

১৩. কোম্পানির করের হার ৪০% হলে ঋণ মূলধনের ব্যয় কত?
ক ১২% খ ৯%
গ ৩৬% ঘ ১৫%

১৪. নিচের কোনটি মূলধন বাজারের হাতিয়ার?
ক ট্রেজারি বিল খ বাণিজ্যিক কাগজ
গ অগ্রাধিকার শেয়ার ঘ ব্যাংকের স্বীকৃতিপত্র

১৫. অর্থ বাজারের হাতিয়ার হলো —
i. পুনঃক্রয় চুক্তি
ii. হস্তান্তরযোগ্য দলিল
iii. ব্যাংকের স্বীকৃতিপত্র
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।
আলফা লিমিটেড ২০ কোটি টাকার শেয়ার বিক্রয় করে। প্রতিটি শেয়ারের মূল্য ১০ টাকা হওয়ায় সকল শ্রেণির মানুষ শেয়ার ক্রয় করতে পারে।

১৬. আলফা লিমিটেড কোন ধরনের ব্যবসায় প্রতিষ্ঠান?
ক একমালিকানা সংগঠন
খ অংশীদারি সংগঠন
গ প্রাইভেট লি. কোম্পানি
ঘ পাবলিক লি. কোম্পানি

১৭. আলফা লিমিটেডের শেয়ারহোল্ডারগণ পেতে পারেন—
ক ফী খ সুদ
গ কমিশন ঘ লভ্যাংশ

১৮. নিচের কোনটি ঝুঁকিবিহীন সিকিউরিটি?
ক বন্ড খ শেয়ার
গ ট্রেজারি বন্ড ঘ বিনিময় বিল

১৯. স্বতঃস্ফূর্ত অর্থায়নের উৎস কোনটি ?
ক ব্যাংক ঋণ খ ব্যবসায় ঋণ
গ জমাতিরিক্ত ঋণ ঘ ঘূর্ণায়মান ঋণ

উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।
XYZ লি. একটি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি কাঁচামাল থেকে পণ্য উৎপাদনের জন্য সময় নেয় ৭ দিন। প্রতিষ্ঠানটি তার দেনাদারের অর্থ পরিশোধের সময় দেয় ১৩ দিন। দেনাদারদের নিকট থেকে অর্থ ফেরত পায় ১৫ দিনে। এটি তার পাওনাদারদের কাছ থেকে অর্থ পরিশোধের সময় পায় ৮ দিন। কিন্তু অর্থ পরিশোধ করতে সময় লাগে ১০ দিন।

Teachingbd.com

২০. XYZ লি. এর নগদ চক্র কত দিন?
   ক) ১২   খ) ১৮
   গ) ২২   ঘ) ৩২

২১. নিচের কোনটি XYZ লি. এর নগদ ব্যবস্থাপনার সর্বোত্তম কৌশল হতে পারে?
   ক) পণ্য উৎপাদনের গড় সময় ২ দিন কমানো
   খ) গড় সংগ্রহ সময় ২ দিন কমানো
   গ) পণ্য উৎপাদনের গড় সময় ২ দিন বাড়ানো
   ঘ) পাওনা পরিশোধের সময় ২ দিন বাড়ানো

২২. কোনটি মূলধন বাজেটিং এর প্রয়োগক্ষেত্র?
   ক) স্থায়ী সম্পত্তি ক্রয়
   খ) কাঁচামাল ক্রয়
   গ) মজুদ পণ্য বিক্রয়
   ঘ) কর্মচারীদের বেতন প্রদান

২৩. মূলধন বাজেটিং প্রক্রিয়ায় বাট্টাকৃত কৌশল হলো —
   i. গড় মুনাফা হার
   ii. নিট বর্তমান মূল্য
   iii. অভ্যন্তরীন মুনাফার হার

   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii   খ) i ও iii
   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

২৪. নিচের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত?
   ক) যে প্রকল্পের IRR সর্বনিম্ন
   খ) যে প্রকল্পের NPV সর্বাধিক
   গ) যে প্রকল্পের ARR সর্বনিম্ন
   ঘ) যে প্রকল্পের PBP সর্বাধিক

২৫. গড় মুনাফার হার নির্ণয়ের সূত্র কোনটি?
   ক) $\frac{\text{গড় মোট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}}$   খ) $\frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}}$
   গ) $\frac{\text{গড় মোট মুনাফা}}{\text{মোট বিনিয়োগ}}$   ঘ) $\frac{\text{গড় নিট মুনাফা}}{\text{মোট বিনিয়োগ}}$

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**

বিজয় লি. একটি প্রকল্পে ১,৫০,০০০ টাকা বিনিয়োগ করে। যা থেকে ৫ বছর নগদ প্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ৪০,০০০ টাকা, ৬০,০০০ টাকা, ৫০,০০০ টাকা, ৪০,০০০ টাকা এবং ৬৫,০০০ টাকা।

২৬. প্রকল্পটির পরিশোধকাল কত?
   ক) ৩ বছর   খ) ৩.৫ বছর
   গ) ৫ বছর   ঘ) ১৪.৫ বছর

২৭. n দ্বারা কী বুঝানো হয়েছে?
   ক) বছর   খ) মাস
   গ) দিন   ঘ) সুদের হার

২৮. কোনটি সঠিক?
   ক) $SI = p \times n \times 4$   খ) $SI = p \times n \times i$
   গ) $SI = p \times n \times m$   ঘ) $SI = n \times \Pi \times 4$

**উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব ফাহাদ প্রতি বছর ১০০০/- করে ব্যাংকে জমা রাখেন ৩ বছরের জন্য। বিনিয়োগের হার ১৫%।

২৯. ৩ বছর পরে জনাব ফাহাদ মোট কত টাকা পাবেন?
   ক) ৩৪৭৩ টাকা   খ) ৩৫৭৪ টাকা
   গ) ৫০৭৩ টাকা   ঘ) ৫২০০ টাকা

৩০. যদি জনাব ফাহাদ বিনিয়োগটি পহেলা জানুয়ারি থেকে শুরু করেন তবে ৩ বছর পর তিনি কত টাকা পাবেন?
   ক) ৩৪০০ টাকা   খ) ৩৫৯৯ টাকা
   গ) ৩৯৯৩ টাকা   ঘ) ৪০২৯ টাকা

৩১. ঋণ পরিশোধ সূচি আমরা ব্যবহার করি কারণ —.
   i. মোট ঋণের পরিমাণ জানতে
   ii. পরিশোধিত কিস্তির পরিমাণ জানতে
   iii. আসল ও সুদের পরিমাণ জানতে

   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii   খ) i ও iii
   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

৩২. নিচের কোনটি দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস?
   ক) ব্যাংক জমাতিরিক্ত ঋণ
   খ) ব্যবসায় ঋণ
   গ) ঋণপত্র   ঘ) প্রতিজ্ঞাপত্র

৩৩. সাধারণ শেয়ারের বৈশিষ্ট্য হল —
   i. মালিকানা পায়
   ii. আয়ের উপর অধিকার পায় না
   iii. ভোটধিকার পায়

   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii   খ) ii ও iii
   গ) i ও iii   ঘ) i, ii ও iii

৩৪. কখন একটি বন্ড অবহারে বিক্রয় করা হয়?
   ক) ঋণের ব্যয় $<$ কুপন সুদের হার
   খ) ঋণের ব্যয় $=$ কুপন সুদের হার
   গ) ঋণের ব্যয় $>$ কুপন সুদের হার
   ঘ) ঋণের ব্যয় $\cong$ কুপন সুদের হার

৩৫. মেঘনা লি. সাধারণ শেয়ার প্রতি লভ্যাংশ প্রদান করবে ১.২৬ টাকা। প্রত্যাশিত আয়ের হার ১২% এবং লভ্যাংশ প্রবৃদ্ধির হার ৫%। তাহলে সাধারণ শেয়ার এর মূল্য কত টাকা হবে?
   ক) ১৫   খ) ১৬
   গ) ১৭   ঘ) ১৮

৩৬. ঝুঁকিমুক্ত সিকিউরিটি হলো —
   ক) ট্রেজারি বিল   খ) বন্ড
   গ) শেয়ার   ঘ) অগ্রাধিকার শেয়ার

৩৭. CAPM পূর্ণরূপ হলো —
   ক) Capital Arbitrage Pricing Model
   খ) Capital Asset Pricing Model
   গ) Capital Asset Process Model
   ঘ) Capital Asset Pricing Middle

৩৮. SML অনুযায়ী ঝুঁকি প্রিমিয়ামের সূত্র হচ্ছে —
   ক) $(Rm - Ro) \times \beta o$   খ) $(Rm - R_f) \times \beta$
   গ) $(Rm - \beta) \times R_f$   ঘ) $(R_f - \beta) \times Bm$

৩৯. সুমনা দুটি সিকিউরিটি X ও Y তে বিনিয়োগ করতে চায়। X এ বিনিয়োগ করবে ৬০% এবং Y এ করবে ৪০%। যদি প্রত্যাশিত আয়ের হার X এর ১০% এবং Y এর ১২% হয় তবে পোর্টফোলিও আয়ের হার কত হবে?
   ক) ৮.৭%   খ) ৯.০৫%
   গ) ১০.৮%   ঘ) ১১.০২%

৪০. বাজার ঝুঁকি সম্পর্কিত নিচের কোনটি সত্য?
   ক) পরিহার করা যায়
   খ) অতিরিক্ত ঋণের কারণে সৃষ্টি হয়
   গ) অদক্ষ ব্যবস্থাপনার কারণে সৃষ্টি হয়
   ঘ) পরিহার করা যায় না

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ক | ৯ | খ | ১০ | খ | ১১ | খ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ক |
| | ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | গ | ৩১ | ঘ | ৩২ | গ | ৩৩ | গ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | ক | ৩৭ | খ | ৩৮ | খ | ৩৯ | গ | ৪০ | ঘ |

Teachingbd.com